মুজিবনগরে জাগরণী সপ্তাহ উদযাপন উপলক্ষে প্রস্তুতিসভা

মুজিব শতবর্ষ উপলক্ষে মুজিবনগর উপজেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক বাস্তবায়িত বঙ্গবন্ধু কর্তৃক প্রবর্তিত সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় ১৪ থেকে ২১ ডিসেম্বর ২০২১ সপ্তাহ ব্যাপি জাগরণী সপ্তাহ উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

জাগরণী সপ্তাহ উদযাপন উপলক্ষে মঙ্গলবার বেলা ১১ টার সময় উপজেলা অডিটরিয়ামে প্রস্তুতি সভার আয়োজন করা হয়।
উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুর রব এর সভাপতিত্বে প্রস্তুতি সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা জাহাঙ্গীর আলম।

প্রস্তুতিমূলক সভায় সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের গ্রাম কমিটির সভাপতি, দলনেতা/দলনেত্রী, সদস্য ও স্থানীয় ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জাতীয় ‘এ’ প্লাস ক্যাম্পেইন উপলক্ষে কর্মপরিকল্পনা সভা অনুষ্ঠিত

আগামী ১১ ডিসেম্বর থেকে ১৪ ডিসেম্বর পর্যন্ত চারদিন ব্যাপী জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন উপলক্ষে অবহিতকরণ ও কর্মপরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে সিভিল সার্জসের সম্মেলন কক্ষে এ সিভিল সার্জন জাওয়াহেরুল আনাম সিদ্দিকীর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। অতিথি হিসেবে বক্তব্য দেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নাজমুল হুদা, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ভুবেষ চন্দ্র রায়, জেলা তথ্য কর্মকর্তা আল মামুন, মেহেরপুর ইসলামীক ফাউন্ডেশনের উপপরিচালক কে এম শাহীন কবির।

ইপিআই সুপার আব্দুস সালামের সঞ্চালনায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার খ ম হারুন ফয়সাল ।

অবহিতকরণ সভায় মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিনসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে বীর মুক্তিযোদ্ধা কাজী বাচ্চুকে গার্ড অব অনার প্রদান

মেহেরপুরের বীর মুক্তিযোদ্ধা অবঃ কাস্টমস কর্মকর্তা কাজী মোমিনুল ইসলাম (কাজী বাচ্চু) কে রাষ্ট্রীয় সম্মান গার্ড অব অনার প্রদান করা হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১০ টার দিকে মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদ প্রাঙ্গনে তার মরদেহে রাষ্ট্রীয় সম্মান গার্ড অব অনার প্রদান করা হয়। পরে তার জানাজার নামাজ শেষ করে মেহেরপুর পৌর কবরস্থানে দাফন করা হয়।

প্রথমে মরহুমের মরদেহে জাতীয় পতাকা দিয়ে আচ্ছাদিত করে পুষ্পমাল্য অর্পণ করা হয়। এসময় মেহেরপুর সদর উপজেলা নির্বাহি অফিসার আসাদুজ্জামান রিপন পুষ্পমাল্য অর্পণ ও রাষ্ট্রের পক্ষে সালাম গ্রহণ করেন। একই সময় পুলিশের একটি দল তাকে গার্ড অব অনার প্রদান করেন। এসময় সদর থানার ওসি শাহ দারা খান,বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অবঃ)আব্দুল মালেক সহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

তিনি মেহেরপুর পৌর শহরের শহীদ গফুর সড়ক এলাকার মৃত কাজী আজিজুল ইসলামের ছেলে।সোমবার সকাল ৯টার দিকে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।তিনি স্ত্রী, ২ ছেলে, ১ মেয়ে আত্মী স্বজনসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন।

গাংনীতে বিজয় দিবস উদযাপনে প্রস্তুতি সভা

মেহেরপুরের গাংনীতে মহান বিজয় দিবস-২০২১ উদযাপন উপলক্ষ্যে প্রস্তুতিমুলক সভা করেছে উপজেলা প্রশাসন। আজ মঙ্গলবার(৭ ডিসেম্বর) বেলা ১১টায় উপজেলা সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা মৌসুমী খানম এর সভাপতিত্বে বক্তব্য রাখেন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাক, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুন্তাজ আলী।

এ সময় কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা, মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহমেদ, এমপি প্রতিনিধি মনিরুজ্জামান আতুসহ উপজেলার স্কুল কলেজের প্রধান শিক্ষক, উপজেলার অফিসের সকল কর্মকর্তা কর্মচারীগণ উপস্তিত ছিলেন।

গাংনীতে পাঁচ প্রার্থীর ভোট পুনঃগণনার আবেদন

নির্বাচনে পরাজিত হবার পর ভোট পুনঃগণনার আবেদন জানিয়েছেন গাংনী উপজেলার একজন চেয়ারম্যান ও চারজন মেম্বর প্রার্থী। ইতোমধ্যে

সংশ্লিষ্ট রিটার্ণিং অফিসারের নিকট আবেদন জমা দিয়েছেন তারা। নির্বাচনী ট্রাইব্যুনালের আদেশে পুনরায় ভোট গণনা করা সম্ভব হবে বলে জানান সংশ্লিষ্ট রিটার্ণিং অফিসার।

সুত্র মতে, গাংনী উপজেলায় তৃতীয় দফায় চারটি ইউপির নির্বাচন সম্পন্ন হয় গেল ২৮ নভেম্বর। নির্বাচনে পরাজিত হন কাজিপুর ইউপির চেয়ারম্যান প্রার্থী আব্দুল আলীম। তিনি স্বতন্ত্র প্রার্থী আলম হুসাইনের কাছে পরাজিত হন। এসময় বেতবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় ভোট কেন্দ্রে ভোট গণনা শেষে গোলযোগ হওয়ায় ওই কেন্দ্রের ভোট স্থগিত রাখার আবেদন করেন। একই কেন্দ্রের ভোট পুনরায় গণনার জন্য আবেদন করেন ফুটবল প্রতীকের মেম্বর প্রার্থী আব্দুল হক। ওই ইউনিয়নের ৪নম্বর ওয়ার্ডের শরীফুল ইসলামও ভোট পুনর্গণনার আবেদন জানান।

এদিকে ষোলটাকা ইউপির ১নম্বর ওয়ার্ডের চেংগাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রের ভোট গণনায় কারচুপির অভিযোগ এনে পুনরায় ভোট গণনার আদেন জানান মেম্বর প্রার্থী আবু সাইদ ও মহিবুল ইসলাম।

সংশ্লিষ্ট ইউপি নির্বাচনের রিটানিং অফিসার আলাউদ্দীন জানান, ইতোমধ্যে পাঁচটি আবেদন পেয়েছি। কিন্তু আবেদনের প্রেক্ষিতে বিষয়টি নির্বাচন কমিশনে জানানো হয়েছে। গেজেট প্রকাশ হলে নির্বাচনী ট্রাইব্যুনালের আদেশে পুনরায় ভোট গণনা করা সম্ভব হবে।

তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসানকে মঙ্গলবারের মধ্যে পদত্যাগের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী

তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডাক্তার মুরাদ হাসানকে আগামীকালের মধ্যে মন্ত্রীসভা থেকে পদত্যাগ করতে বলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের আজ সোমবার রাতে তাঁর বাসভবনে ডাক্তার মুরাদ হাসানের বিষয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা জানান। সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যমে অসৌজন্যমূলক বক্তব্য দেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাকে এ নির্দেশ দেন।

ওবায়দুল কাদের বলেন, সন্ধ্যায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে এ বিষয়ে কথা হয়েছে এবং আমি আজ রাত ৮টায় প্রতিমন্ত্রী মুরাদ হাসানকে বার্তাটি পৌঁছে দিয়েছি।

গত কয়েকদিন ধরেই বিতর্কিত মন্তব্যের জেরে আলোচনায় ছিলেন জামালপুর-৪ আসনের এ সংসদ সদস্য। সম্প্রতি ফেসবুক লাইভে এক অনুষ্ঠানে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া, তার ছেলে তারেক রহমান ও নাতনি জাইমা রহমানকে নিয়ে কুরুচিপূর্ণ মন্তব্য করেন তিনি।

এরপর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের নেত্রীদের নিয়েও আপত্তিকর ও কুরুচিপূর্ণ মন্তব্যের অভিযোগ ওঠে তথ্য প্রতিমন্ত্রীর বিরুদ্ধে। এর প্রতিবাদে মুরাদের পদত্যাগ দাবি করেন ছাত্রলীগের বেশ কয়েকজন বর্তমান এবং সাবেক নেত্রী।

এরই মধ্যে গতকাল রবিবার মধ্যরাতে চিত্রনায়িকা মাহিয়া মাহির সঙ্গে মুরাদ হাসানের আপত্তিকর ফোনালাপ ফাঁস হয়। মুহূর্তের মধ্যে সামাজিক যোগাযোগের মাধ্যমগুলোতে ভাইরাল হয়ে যায় এটি।

ভাইরাল হওয়া সেই অডিওর সত্যতা নিশ্চিত করেন চিত্রনায়ক ইমন। তিনি জানান, ঘটনাটি দুই বছর আগের।

সরকারের দায়িত্বশীল পদে থেকে তার এ ধরনের বক্তব্য ও মন্তব্য নিয়ে বিভিন্ন মহল থেকে প্রতিবাদের ঝড় বইছে। এদিকে প্রতিমন্ত্রীর এসব মন্তব্যকে ‘কুরুচিপূর্ণ’, ‘অশালীন’ ও ‘মর্যাদাহানিকর’ বলে নিন্দা জানিয়েছেন জেন্ডার বিশেষজ্ঞ ও অধিকারকর্মীরা। তারা বলছেন, সরকারের একটি দায়িত্বশীল পদে থাকা কেউ এ ধরনের হুমকি ও বক্তব্য প্রদানের পরে তিনি আর পদে থাকার যোগ্য থাকেন না।

সূত্র: কালের কণ্ঠ অনলাইন

বে-সরকারী সংস্থা এ্যাড এর নতুন শাখার ঋণ বিতরণ কার্যক্রম উদ্বোধন

ঝিনাইদহের বে-সরকারী সংস্থা এ্যাসোসিয়েশন ফর এ্যাডভান্সমেন্ট এন্ড ডেভলপমেন্ট (এ্যাড)’র সরজগঞ্জ শাখা ও বারাদি শাখার ঋণ বিতরণ কার্যক্রমের শুভ উদ্ভোদন ঘোষণা করা হয়েছে। সোমবার সকাল ১১টায় এই কার্যক্রম অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলার নতুন এই দুইটি শাখার শুভ উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এ্যাড এর নির্বাহী পরিচালক মাহমুদুল ইসলাম ফোটন। এছাড়া আরও উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তা, কর্মচারী,ঋণ গ্রহীতা ও এলাকার বিশিষ্ট ব্যক্তিবর্গ।

মেহেরপুরে লোক সাংস্কৃতিক উৎসব আয়োজিত

মেহেরপুরে লোক সাংস্কৃতিক উৎসব উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও লোকসংগীত সন্ধ্যার আয়োজন করা হয়েছে।

সোমবার সন্ধ্যা ৬ টার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এই আলোচনা সভা ও লোকসংগীত সন্ধ্যার আয়োজন করা হয়।

জেলা শিল্পকলা একাডেমীর আয়োজনে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন,মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান,সহ-সভাপতি নুরুল আহমেদ, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক,পিপি পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা

আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহীন সহ অনেকেই।

মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর লোক গানের শিল্পীরা দর্শকদের মাঝে একে একে গ্রাম বাংলার ঐতিহ্য লোক সংগীত পরিবেশন করে তাদের মুগ্ধ করে তোলে।

দামুড়হুদার দলিল লেখক সোবহান মন্ডল আর নেই

দামুড়হুদা উপজেলা সাব রেজিস্ট্রি অফিসের দলিল লেখক সোবহান মন্ডল ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহী ওয়া ইন্না ইলাহি রাজিউন)। চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন থাকা অবস্থায় তিনি মারা যান।

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের কাঞ্চনতলা গ্রামের মৃত মওলা বক্স মন্ডলের ছেলে দামুড়হুদা উপজেলা সাব রেজিস্ট্রি অফিসের দলিল লেখক সোবহান মন্ডল গত শনিবার বিকেলে নিজ বাড়িতে হৃদরোগে আক্রান্ত হয়ে অসুস্থ হয়ে পড়ে। পরে পরিবারের লোকজন তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে।

সোমবার সকাল ৯টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত হয়। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৫৪ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক ছেলে এক মেয়েসহ বহু গুণাগ্রাহী রেখে গেছেন।

তার মৃত্যুতে সাব রেজিস্ট্রি অফিসের দলিল লেখক সমিতির সভাপতি সিরাজুল ইসলাম, সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম ও কোষাধাক্ষ্য শমশের আলি সহ সকল সকলস্যবৃন্দ শোক প্রকাশ করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়ে বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেছেন। বাদ আছর নিজগ্রামে জানাজা নামাজ শেষে দাফন সম্পন্ন করা হয়েছে।

[redacted]

[redacted]